## উপজেলা পরিষদের অক্টোবর ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: রেজোয়ান ইফতেকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণা |
| সভার তারিখ ও সময় | : | ৩১.১০.২০২৪ খ্রিঃ, বেলা ০৩.৩০ টা। |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-খ |

সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: পরিশিষ্ট-গ ।

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যক্রম শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার প্রতিনিধি জনাব ডাক্তার রিফাত জানান যে, জরুরী বিভাগ, অন্ত: বিভাগ, বহির্বিভাগে রোগীদের সেবা অব্যাহত রয়েছে। গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এএনসি(ANC) কর্নারে সেবা অব্যাহত রয়েছে এবং শিশুদের জন্য পৃথক আইএমসিআই কর্ণারে সেবা অব্যাহত রয়েছে। অসংক্রামক রোগে আক্রান্ত (উচ্চরক্তচাপ, ডায়াবেটিস) রোগীদের সেবা দ্রুততার সহিত নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এনসিডি কর্ণার চালু হয়েছে। | (ক) রোগীদের সেবার মান বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জন্ম নিবন্ধনের জন্য গর্ভবতী মায়েদের তালিকার সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কোয়াটারে বসবাসের বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মদন। |
| ২. | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ফসল উৎপাদন বৃদ্ধিতে মাঠ পর্যায়ে কর্মকর্তাবৃন্দ কাজ করে যাচ্ছে। সার বীজের কৃত্রিম সংকট রোধে মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রাখতে হবে।<br>(গ) জুলাই/২৪ হতে অক্টোবর /২৪ মাসে কোন কোন আইনে মোবাইল কোর্ট পরিচালনা হয়েছে, কি পরিমাণ জরিমানা/দন্ডিত হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, মদন |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>প্রাণি চিকিৎসায় ভ্যাক্সিনেশন স্বাভাবিক আছে। ১৭ ধরণের ঠিকা বিনামূল্যে বিতরণ করা হয়। এ যাবত ১২০০ ছাগলকে পিপিআর ভ্যাকসিন প্রদান করা হয়েছে। মদন উপজেলা বর্তমানে পিপিআর মুক্ত উপজেলা হিসাবে গণ্য করা যায়। গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার জন্য মেডিকেল টিম গঠন করা হয়েছে এবং কার্যক্রম চলমান আছে। | (ক) হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকা কার্যক্রমের চলমান রাখতে হবে।<br>(খ) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>(গ) জুলাই/২৪ হতে অক্টোবর/২৪ মাসে কোন কোন আইনে মোবাইল কোর্ট পরিচালনা হয়েছে, কি পরিমাণ জরিমানা/দন্ডিত হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়<br>(গ) সকল মৎস্যজীবী সমিতিকে নিয়ে মাছ ধরার বিষয়ে সচেতনতামূলক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, মদন |
| ৫. | উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী জানান তার দপ্তরের কার্যক্রম সাভাবিকভাবে চলমান রয়েছে। মদন-ফতেপুর ১৪ কিলোমিটার রাস্তার মধ্যে ৩ কিলোমিটার রাস্তা মেরামতের অনুমোদন হয়েছে। টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন।<br><br>প্রশাসক, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে পরিষদের সম্মেলন কক্ষে কনফারেন্স সাউন্ড সিস্টেম স্থাপন, উপজেলা পরিষদের নিরাপত্তা জোরদারকরণে সিসি ক্যামেরা স্থাপন এবং উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আসবাবপত্র সরবরাহ সংক্রান্ত প্রকল্পসমূহের অগ্রগতি বিষয়ে উপজেলা প্রকৌশল বিভাগকে কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করেন। | ক) মদন-ফতেপুর রাস্তার মেরামত কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে পরিষদের সম্মেলন কক্ষে কনফারেন্স সাউন্ড সিস্টেম স্থাপন, উপজেলা পরিষদের নিরাপত্তা জোরদারকরণে সিসি ক্যামেরা স্থাপন এবং উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আসবাবপত্র সরবরাহ সংক্রান্ত প্রকল্পসমূহ জরুরীভিত্তিতে বাস্তবায়নের সর্মসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, মদন |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কাজ সাভাবিকভাবে চলমান আছে। ০৬ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে গর্ভবতী মায়ের ডেলিভারী কার্যক্রম অব্যাহত আছে।<br>তিনি আরো জানান, তিয়শ্রী ও মাঘান ইউনিয়ন স্বাস্থ্য ও প. প. এর কিছু জমি অবৈধভাবে দখল করে রেখেছে। উক্ত দখলকৃত জমি উদ্ধারের জন্য সকলের | (ক) উপজেলা পরিবার পরিকল্পনার বিভাগের সেবার মান বৃদ্ধিতে কার্যক্রম গ্রহন করতে হবে।<br>(খ) তিয়শ্রী ও মাঘান ইউনিয়ন স্বাস্থ্য ও প. প. এর জমি অবৈধ দখল মুক্ত এবং সীমানা নির্ধারণ করে সভায় অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | সহযোগিতা চান এবং সীমানা নির্ধারণের জন্য উপজেলা ভূমি অফিসে পত্র প্রেরণ করা হয়েছে। | | |
| ৭. | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন। |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় সভার সকলের সম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) মা ও শিশু সহায়তা তহবিলের কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৯. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা হচ্ছে এবং সরকার নির্ধারিত সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সহকারি উপজেলা শিক্ষা কর্মকর্তাগণ আকস্মিক পরিদর্শন করেন। | (ক) বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সরকার নির্ধারিত সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা আকস্মিক পরিদর্শনপূর্বক তথ্য সভায় অবহিত করবেন।<br>(খ) দূর্গম এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে প্রতিবেদনের তথ্য সভায় অবহিত করতে হবে।<br>এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা পরিদর্শনপূর্বক সভায় অবহিত করবেন। | উপজেলা শিক্ষা অফিসার, মদন |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নিয়মিত বিদ্যালয় মনিটরিং করা হচ্ছে। | (ক) প্রতিমাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান ও শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শণপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান যে, অত্র উপজেলা সমাজসেবা দপ্তর হতে বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর ভাতা বেদে ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, প্রতিবন্ধীকে শিক্ষা উপবৃত্তি এবং হিজড়া ভাতা প্রদান করা হচ্ছে। সকল ভাতা সরকারি বিধি মোতাবেক প্রদান করা হচ্ছে। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস : উপজেলা যুব উন্নয়ন অফিসার অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | (ক) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋন আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। খেলাপী ঋন আদায়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মদন |
| ১৪. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন শাখাঃ ব্যবস্থাপক, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | (ক) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সক্ষমতা যাচাইপূর্বক জনগণকে অতি দ্রুত সময়ের মধ্যে ঋণ প্রদানে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, তার দপ্তরের কার্যক্রম সাভাবিকভাবে চলমান আছে। বন্যা কবলিত এলাকায় ইউএনডিপি আওতায় উনষাট টি গভীর নলকূপ প্রদান করা হবে। | (ক) গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রমের উপকারভোগী নির্বাচনে অবশ্যই সরকারী বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং নির্বাচিত উপকারভোগীদের প্রোফাইল সভায় সকলের অবগতির জন্য উপস্থাপন করতে হবে।<br>(খ) গভীর টিউবওয়েল যাথযথভাবে স্থাপনে সরকারী বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মদন |
| ১৬. | উপজেলা দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান দারিদ্র বিমোচনে বিভিন্ন শ্রেণি পেশার মানুষকে সহজ শর্তে ঋণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তা জানান উপজেলায় অডিটযোগ্য মোট ৫৭টি সমবায় সমিতি রয়েছে। সমবায় সমিতিগুলো নিয়মিত অডিট, পরিদর্শন, তদারকি, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, সমবায়ীদের সমন্বয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ, বিভিন্ন সমবায় ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থী প্রেরণ,বার্ষিক সাধারণ সভা ও বিধি মোতাবেক অডিট ফি, সমবায় উন্নয়ন তহবিল আদায় কার্যক্রম অব্যাহত আছে। | (ক) মদন উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকির করে বিস্তারিত সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, মদন |
| ১৮. | চেয়ারম্যান, চানগাঁও ইউনিয়ন জানান যে, বিগত আওয়ামীলীগ সরকারের সময়ে মদন উপজেলার টিসিবি উপকারভোগীদের তালিকা তৈরী করায় তাতে অনেক অনিয়ম হয়েছে। তাই জরুরী ভিত্তিতে তালিকা সংশোধনপূর্বক হালনাগাদ করার অনুরোধ করেন। | টিসিবি উপকারভোগীদের তালিকা জরুরী ভিত্তিতে সংশোধনপূর্বক হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৯. | প্রশাসক, উপজেলা পরিষদঃ সভায় জানান যে, এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। তাছাড়া অন্তর্বর্তীকালীন সরকারের দিক নির্দেশনা বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। | প্রত্যেক দপ্তরের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), মদন। |

৬

বিবিধ আলোচনাঃ

২০. বিবিধ আলোচনা : উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: মাইদুল ইসলাম খান এবং ০৭ নং নায়েকপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান-১ জনাব মো: হাদিছ মিয়া অক্টোবর-২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় ও অন্যান্য সভায় শারীরিক অসুস্থ্যতার জন্য উপস্থিত হতে পারবেন না মর্মে আলাদা আলাদা পত্র প্রেরণ করেছেন। নিয়মিত সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহিত হয়।

২১. উপজেলা পরিষদ জীপ গাড়ীর জ্বালানী সংক্রান্ত: প্রশাসক, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়িটির ইঞ্জিন সচল রাখার স্বার্থে প্রতিদিন গাড়ীর ইঞ্জিন স্টার্ট করার জন্য প্রতি মাসে ১৫ লিটার অকটেন ব্যবহারের জন্য গাড়ী চালক আবেদন করেছেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে গাড়ী চালকের আবেদনের পেক্ষিতে আগস্ট-২০২৪ মাস হতে প্রতি মাসে ১৫ লিটার অকটেন ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

২২. প্রশাসক, উপজেলা পরিষদ নিম্নলিখিত বিলসমূহ সভায় উপস্থাপন করেন । এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উক্ত বিলগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্র নং | ব্যয়ের খাত | টাকার পরিমান |
|---|---|---|
| ১. | সেনাবাহিনীর অস্থায়ী ক্যাম্পে ০৫ টি ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ মাসিক ইন্টারনেট বিল | ৫,০০০/- |
| ২. | ডেঙ্গু মোকাবেলায় উপজেলা পরিষদের কমপ্লেক্স, বাসা-বাড়ি ইত্যাদি চত্বর আশপাশ পরিষ্কার পরিচ্ছন্ন করার শ্রমিক মুজুরী | ২৫,০০০/- |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের পানি সাপ্লাইয়ের লাইন মেরামত ব্যয় বিল | ২৪,৯৫০/- |
| ৪. | উপজেলা পরিষদ কার্যালয়ের নিরাপত্তা জোরদারকরনে হ্যালোজেন লাইট স্থাপন ব্যয় বিল | ২৫,০০০/- |
| ৫. | পদ্মা ফ্লাড সেন্টার কোয়াটারের সেফটি ট্যাংকি পরিস্কার ও মেরামত ব্যয় বিল | ২৪,৯০০/- |
| ৬. | উপজেলা পরিষদ সম্মেলনকক্ষে বিদ্যুৎ লাইন মেরামত ব্যয় বিল | ২৪,৯৩০/- |
| ৭. | কাকলী নন গেজেটেড কোয়াটারের ২য় তলা দক্ষিণ পার্শ্ব ইউনিট মেরামত ব্যয় বিল | ২৪,৯৫০/- |
| ৮. | উপজেলা নির্বাহী অফিসারের অফিস সহকারীর কক্ষের বিদ্যুৎ লাইন মেরামত | ২৫০০০/- |

অত:পর আর কোনা আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১/১০/২৪

(মোঃ রেজোয়ান ইফতেকার)
প্রশাসক
উপজেলা পরিষদ
মদন, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০২.২২.৮৭৭(৩২) তারিখঃ ৩১.১০.২০২৪ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা...................................কর্মকর্তা, মদন, নেত্রকোণা (আগামী সভার ০৩দিন পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিকস ফ্রন্টে সফটকপি ও হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় মেইলে unomadan@yahoo.com প্রেরণ করতে হবে)।
২. চেয়ারম্যান (সকল).............................ইউপি, মদন, নেত্রকোণা
৩. বেগম............................., সংরক্ষিত আসন,...........নং ওয়ার্ড, মদন, নেত্রকোণা
৪. সংশ্লিষ্ট নথি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

৩১/১০/২৪

(মোঃ রেজোয়ান ইফতেকার)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপাপ্ত)
মদন, নেত্রকোণা
unomadan@mopa.gov.bd

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১. প্রশাসক, মদন পৌরসভা |
| ২. উপজেলা কৃষি কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ২. চেয়ারম্যান, ০২ নং চানগাঁও ইউনিয়ন পরিষদ |
| ৩. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৩. চেয়ারম্যান, ০৬ নং তিয়শ্রী ইউনিয়ন পরিষদ |
| ৪. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মদন, নেত্রকোণা। | ৪. চেয়ারম্যান, ০৮ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ। |
| ৫. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ৮. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন নেত্রকোণ। | |
| ৯. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১০. উপজেলা বিআরডিবি কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন, নেত্রকোণা | |
| ১২. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা | |
| ১৩. উপজেলা সমবায় কর্মকর্তা, মদন, নেত্রকোনা। | |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১. চেয়ারম্যান, ০১নং কাইটাইল ইউনিয়ন পরিষদ |
| ২. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ২. চেয়ারম্যান, ০৩ নং মদন ইউনিয়ন পরিষদ |
| ৩. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, মদন, নেত্রকোণা। | ৩. চেয়ারম্যান, ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়ন পরিষদ |
| ৪. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মদন, নেত্রকোণা। | ৪. চেয়ারম্যান, ০৭ নং নায়েকপুর ইউনিয়ন পরিষদ |
| | ৫. চেয়ারম্যান, ০৫ নং মাঘান ইউনিয়ন পরিষদ |

কর্মকর্তা ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ট-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| | - |

৩১/১০/২৪

(মো: রেজোয়ান ইফতেখার)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
মদন, নেত্রকোণা।